# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**17 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) ভারত ও ভূটান পারস্পরিক সহযোগিতা বজায় রেখে উন্নয়নের শিখরে উপনীত হবে বলে সেদেশের ১১৭তম জাতীয় দিবসের কার্যসূচীতে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ/

(২) এক দেশ- এক নির্বাচন বিষয়ক সংবিধানের ১২৯তম সংশোধনী বিল আজ লোকসভায় উত্থাপন/

(৩) জাতীয় পরীক্ষণ সংস্থা-এন টি এ আগামী বছর থেকে নিযুক্তি পরীক্ষার পরিবর্তে উচ্চশিক্ষার ক্ষেত্রে ভর্তির প্রবেশ পরীক্ষা আয়োজনে বিশেষ গুরুত্ব দেবে বলে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের প্রকাশ/

এবং

(৪) কাছাড় ও শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ১৯ থেকে ২৪শে ডিসেম্বর বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে সু-শাসন সপ্তাহ পালনের প্রস্তুতি/

---

আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ ভূটানের ১১৭তম জাতীয় দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন । স্ত্রীকে নিয়ে সেদেশে যাওয়া মুখ্যমন্ত্রী ডঃ শর্মা এই দিবস উপলক্ষে ভূটানের রাজা জিগমে খেসার নামগিয়াল ওয়াংচুক এবং ভূটানের

জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । মুখ্যমন্ত্রী বলেছেন যে- ভারত ও ভূটান সভ্যতা কেন্দ্রীক সৌহার্দ্যের সম্পর্কের বন্ধনে বাঁধা রয়েছে । আগামী সময়ে উভয় দেশ পারস্পরিক সহযোগিতা বজায় রেখে উন্নয়নের শিখরে গিয়ে উপনীত হবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন । তিনি একইসঙ্গে ভূটানও পারিপার্শ্বিকতাকে সবধরণের নীতিগত সিদ্ধান্তের ভিত্তি হিসেবে রেখে উন্নয়ন মূলক প্রয়াস অব্যাহত রাখবে বলে আশা প্রকাশ করেছেন । আগেই জানানো হয়েছে যে- চারদিনের সরকারী সফরসূচী নিয়ে গতকাল ভূটানের রাজধানী থিম্পুতে উপস্থিত হওয়া মুখ্যমন্ত্রী ডঃ শর্মা সেদেশে অনুষ্ঠিত হওয়া 'অ্যাডভান্টেজ আসাম'এর রোড শো'তে অংশ নিয়ে ভূটানের প্রধানমন্ত্রী দাসো শেরিং টবগে এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিদের অ্যাডভান্টেজ আসাম সম্মেলন-২০২৫এর জন্য আমন্ত্রণ জানিয়েছেন । তার এই সফরকালে ডঃ শর্মা আসামের কোকরাঝাড় থেকে ভূটানের গেলেফু পর্যন্ত প্রস্তাবিত রেলপথ নির্মাণ সম্পর্কে সেদেশের নেতৃবর্গের সঙ্গে আলোচনা করা সহ আসাম তথা ভারতের সঙ্গে ভূটানের সম্পর্ক উন্নত করার জন্য মুখ্যমন্ত্রী তাদের রাজা এবং প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনায় মিলিত হওয়ার কথা রয়েছে । এছাড়া ভূটান থেকে নেমে আসা নদী সমূহের দ্বারা আসামে সৃষ্টি হওয়া বন্যা পরিস্থিতি নিয়ন্ত্রণ সম্পর্কেও মুখ্যমন্ত্রী ডঃ শর্মার আলোচনা করার কথা রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

এক দেশ , এক নির্বাচন বিষয়ক দুটি বিল আজ লোকসভায় উত্থাপন করা হয়েছে । কেন্দ্রীয় আইন মন্ত্রী অর্জুন রাম মেঘাওয়াল সংবিধানের ১২৯ তম সংশোধনী বিল ও কেন্দ্রশাসিত অঞ্চল সংশোধনী বিল উত্থাপন করার সময় বিরোধী দল ভোট বিভাজনের দাবী জানায় । ২৬৯ জন সদস্য বিলটির সপক্ষে ও ১৯৮ জন সদস্য এর বিপক্ষে ভোটদান করেন । কংগ্রেস , তৃণমূল কংগ্রেস , সমাজবাদী পার্টি , ডি এম কে , উদ্ধবপন্থী শিবসেনা , সি পি আই এম ও অন্যান্য বিরোধী দলগুলি বিল দুটির বিরোধীতা করে বিলগুলি সংবিধানের মৌলিক কাঠামোতে আঘাত হানছে বলে অভিযোগ করে বিরোধী দল এই বিলকে যৌথ সংসদীয় সমিতির বিবেচনার জন্য পাঠানোর দাবী জানায়। এর পরিপ্রেক্ষিতে অধ্যক্ষ ওম বিরলা সভায় মত বিভাজনের পক্ষে মত প্রকাশ করেন ।

সাংসদ গৌরব গগৈ সংবিধানের ১২৯ তম সংশোধনী বিল ও কেন্দ্রশাসিত অঞ্চল সংশোধনী বিলের বিরোধীতা করে বলেন যে এই বিল দুটি সংবিধানে উল্লেখ করা নীতিসমূহ লঙ্ঘন করছে ।

---------------------------------------------------------------------------------------

সংসদীয় পরিক্রমা মন্ত্রী করেন রিজিজু এক দেশ , এক নির্বাচন দেশের জন্য অতি

গুরুত্বপূর্ন বলে অভিহিত করেছেন । লোক সভায় আজ এক দেশ এক নির্বাচন বিল উত্থাপনের আগে আজ নতুনদিল্লীতে সংবাদ মাধ্যমের সংগে কথা বলার সময় শ্রী রিজিজু বলেন যে এই ব্যবস্থা কোনো দল বা ব্যক্তি বিশেষের জন্য নয় , বরং দেশের সুবিধার জন্য এই ব্যবস্থা রূপায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।বিলটি সম্পর্কে বিরোধী পক্ষের করা সমালোচনার প্রত্যুত্তরে শ্রী রিজিজু বলেন যে ভারতে স্বাধীনতা লাভের পর দুই দশক ধরে একইসংগে নির্বাচন আয়োজন করা হচ্ছিল । কংগ্রেস সংবিধানের ৩৫৬ নম্বর অনুচ্ছেদের অপব্যবহার করার জন্য সংসদ ও রাজ্য বিধানসভার জন্য পৃথক নির্বাচন অনুষ্ঠিত করতে হয় বলে কেন্দ্রীয় মন্ত্রী অভিযোগ করেন ।

-----------------------------------------------------------------------------------

জাতীয় পরীক্ষণ সংস্থা এন ডি এ আগামী বছর থেকে নিযুক্তি পরীক্ষার পরিবর্তে , উচ্চ শিক্ষার ক্ষেত্রে ভর্তির জন্য প্রবেশ পরীক্ষা আয়োজনে বিশেষ গুরুত্ব আরোপ করবে বলে শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান প্রকাশ করেছেন । আজ নতুনদিল্লীতে সংবাদ মাধ্যমের সংগে কথাবার্তার সময় মন্ত্রী বলেন যে সরকার ১০ টি নতুন পদ সৃষ্টি করে জাতীয় পরীক্ষণ সংস্থাকে পুর্নগঠনের পরিকল্পনা গ্রহণ করেছে । নিট -ইউ জি অনলাইন না কাগজে কলমে অনুষ্ঠিত হবে সে সম্পর্কে স্বাস্থ্য মন্ত্রনালয়ের সংগে আলোচনা চলছে বলেও তিনি জানান ।তিনি আরো বলেন যে সরকার অদূর ভবিষ্যতে কম্পিউটারের সহায়তায় ও প্রযুক্তি চালিত প্রবেশ পরীক্ষা আয়োজনের দিকে অগ্রসর হচ্ছে ।মন্ত্রী সমগ্র দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলির পরিকাঠামো উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার বদ্ধপরিকর বলে মন্তব্য করেন । শিক্ষা ক্ষেত্রের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারের গ্রহণ করা পদক্ষেপের বিষয়ে সাংবাদিকদের জানিয়ে মন্ত্রী গত ৮ বছরে প্রতিজন শিক্ষার্থীর শিক্ষার জন্য করা ব্যয় ১৩০ শতাংশ বৃদ্ধি পেয়েছে বলে জানান ।

-----------------------------------------------------------------------------------

২০২৪-২৫ বর্ষের জন্য আসামের যোগ্য সমবায় সমিতিগুলির পক্ষ থেকে আর্থিক সাহায্যের জন্য আবেদন দাখিলের সময়সীমা হচ্ছে আগামী বিশে ডিসেম্বর । সুবিধা প্রাপক আসাম সমবায় সমিতি আইন-২০০৭ এর অধীনে পঞ্জীয়নভুক্ত সমবায় সমিতি সমূহ এরজন্যে আবেদন করতে পারবে । তবে এরজন্যে সমবায় সমিতিগুলির ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরের বিধিসম্মত পরীক্ষা হওয়াটা বাঞ্ছনীয় । এছাড়া বিগত তিন বছর ধরে নিয়মিতভাবে বার্ষিক সাধারণ সভা আয়োজন করা সমিতিগুলিকেই এই সাহায্যের জন্য যোগ্য বিবেচনা করা হবে । সাধারণ ক্ষেত্রের সমবায় সমিতিগুলির সঙ্গে রাজ্য পর্যায়ের যোগ্য সমবায় সমিতিগুলি

www.farcs.assam.gov.in এর মাধ্যমে এই আর্থিক সাহায্যের জন্য অনলাইনে আবেদন করতে পারবে ।

---------------------------------------------------------------------------------

স্বচ্ছ ও নাগরিক কেন্দ্রীক শাসনের লক্ষ্যে রাজ্যসরকারের আরম্ভ করা সু-শাসন সপ্তাহের অংশ হিসেবে কাছাড় জেলায় আগামী ১৯ থেকে ২৪শে ডিসেম্বর বিশেষ কর্মসূচী গ্রহণ করা হয়েছে । 'প্রশাসন গাঁও কী ঔর' শীর্ষক অনুষ্ঠানকে সামনে রেখে সু-শাসনকে জনসাধারণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার লক্ষ্যে কাছাড়ের জেলা প্রশাসন বিভিন্ন কার্যসূচী গ্রহণ করেছে । কেন্দ্রীয় সরকারের প্রশাসনিক সংস্কার ও গণঅভিযোগ প্রতিকার বিভাগের উদ্যোগে পরিচালিত দেশব্যাপী এই অভিযানে স্বচ্ছতা, দক্ষতা এবং জনমুখী প্রশাসনিক ব্যবস্থার প্রসার ঘটানোর লক্ষ্য হাতে নেওয়া হয়েছে । কাছাড় জেলায় সপ্তাহব্যাপী এই কমড়সূচী মূলতঃ দুটি ধাপে আয়োজন করা হয়েছে । প্রথমে প্রস্তুতি পর্ব এবং পরে বাস্তবায়ন পর্ব । বিগত ১১ থেকে আগামীকাল অর্থাৎ ১৮ই ডিসেম্বর পর্যন্ত প্রস্তুতি পর্বে জেলার বিস্তারিত মানচিত্রায়ণ, ক্যাম্পেইন পোর্টালে তথ্য আপলোড করা এবং অভিযোগ নিষ্পত্তির লক্ষ্য নির্ধারণের কাজ সম্পন্ন হয়েছে । এর পরবর্তীতে বাস্তবায়ন পর্বে আগামী ১৯ থেকে ২৪শে ডিসেম্বর জেলার উন্নয়ন খন্ড, রাজস্ব চক্র এবং গ্রাম পঞ্চায়েত স্তরে বিশেষ অভিযোগ নিষ্পত্তি শিবির অনুষ্ঠিত হবে । এই শিবিরগুলিতে সংশ্লিষ্ট পোর্টালের মাধ্যমে দ্রুত অভিযোগগুলি নিষ্পত্তি করা এবং পরিষেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করা হবে ।আগামী ২৩শে ডিসেম্বর অনুষ্ঠেয় তথ্য প্রচার কর্মশালা চতুর্থ সুশাসন সপ্তাহের অন্যতম গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত হিসেবে চিহ্নিত হয়েছে । এদিকে কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব আজ এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- এই সুশাসন সপ্তাহ জেলার প্রশাসনিক সক্ষমতাকে আরো এগিয়ে নিয়ে যাওয়ার একটি ঐতিহাসিক সুযোগ । তিনি জেলার জনসাধারণকে এই কর্মসূচীতে অংশগ্রহণের আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের জনসাধারণের জন্য শিক্ষা, শিল্প, অর্থ ও রাজস্ব বিভাগের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে সরকার বিভিন্ন শাখায় ২৫ লক্ষেরও বেশি সুবিধা প্রাপককে উপকৃত করার লক্ষ্য নির্দ্ধারণ করেছে বলে রাজ্যের মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া জানিয়েছেন । রাজ্য সরকারের 'বিকাশের বারোদিন' শীর্ষক অনুষ্ঠানে আজ বড়পেটা জেলায় আয়োজিত এক অনুষ্ঠানে অংশগ্রহণ করে শ্রী বড়ুয়া বলেন যে- জনসাধারণের উন্নয়ন সাধনই হচ্ছে বর্তমান সরকারের উদ্দেশ্য ।

এদিকে দেশব্যাপী ‘প্রশাসন গাঁও কী ঔর’ অভিযানের আওতায় জনসাধারণের অভিযোগ নিষ্পত্তি করা ও তাদেরকে সুষ্ঠু পরিষেবা প্রদান করার উদ্দেশ্যে শ্রীভূমি জেলায়ও চতুর্থ পর্যায়ের গুড গভার্নেন্স বা সুশাসন সপ্তাহ অনুষ্ঠিত হচ্ছে । এরসঙ্গে সঙ্গতি রেখে শ্রীভূমি জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় আগামী বৃহস্পতিবার থেকে আগামী ২৪শে ডিসেম্বর পর্যন্ত ঐ জেলার রাজস্ব চক্র এবং উন্নয়ন খন্ডে জনসাধারণের অভিযোগ নিষ্পত্তি করার জন্য বিশেষ শিবির অনুষ্ঠিত হবে । শ্রীভূমি জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলার জনসাধারণকে ঐ শিবিরগুলিতে অংশগ্রহণ করে তাদের অভিযোগ জানাতে এবং শিবিরের সুবিধা গ্রহণ করার অনুরোধ জানানো হয়েছে ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে এবং বি এস এফ , স্বেচ্ছাসেবী সংস্থা পাটকাই ট্রেকার্স ও বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের সহযোগীতায় আগামীকাল বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে সিপাহী বিদ্রোহের শহীদদের স্মরন করা হবে । এ উপলক্ষ্যে আগামীকাল সকাল ১০টায় মালেগড় টিলার শহীদ বেদীতে পর্ষ্পাঘ অর্পন , ১৬৪টি প্রদীপ প্রজ্বোলন এবং বি এস এফ জওয়ানদের পক্ষ থেকে গার্ড অফ ওনার প্রর্দশন করা হবে । এরপর সর্বধর্ম প্রার্থনা সভার আয়োজন করা হয়েছে । এছাড়া বি এস এফ-এর পক্ষ থেকে অস্ত্র প্রর্দশনীর আয়োজন করা হয়েছে ।

---

কাছাড়ের জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে ভারত -বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্ত দিয়ে উগ্রপন্থীদের সম্ভাব্য অনুপ্রবেশ এবং আইন-শৃংখলা সহ অবৈধভাবে গরুপাচার প্রতিরোধে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার-১৬৩ ধারার অধীনে আর্ন্তজাতিক সীমান্তে জারী থাকা নিষেধাজ্ঞার মেয়াদ আরো দু মাস বাড়ানো হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্তের এক কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে কেহ সূর্যাস্থ থেকে সূর্যোদয় পর্য্যন্ত চলাফেরা করতে পারবেন না । এছাড়া সুরমা নদীতে মাছ ধরতে হলে কাটিগড়ার চক্র আধিকারীক থেকে আগাম অনুমতি নিতে হবে এবং সীমান্তের পাঁচ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে কেহ ঠেলা , রিক্সা ও অন্যান্য যানবাহন দিয়ে চাল, চিনি ,কেরোসিন বহন করতে পারবেন না । এই নিষেধাজ্ঞা কেন্দ্র ও রাজ্য সরকারের কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না বলে জানানো হয়েছে ।

---

জাতীয় শিশু অধিকার আয়োগের উদ্যোগে আগামী ২৬শে ডিসেম্বর দক্ষিন হাইলাকান্দি উন্নয়ন খন্ডে শিশু অধিকার সুনিশ্চিত করা সর্ম্পকে একটি শিবির অনুষ্ঠিত হবে । এ

উপলক্ষ্যে রাজ্য শিশু অধিকার আয়োগের সদস্য অজয় কুমার দত্তের পৌরহিত্যে আজ হাইলাকান্দির জেলার আয়ুক্তের সভাকক্ষে আয়োজিত সভায় জানানো হয় যে শিশুদের অধিকার সংক্রান্ত কোন আবেদন পত্র জমা পড়ে থাকলে , তা আগামী ২৬শে ডিসেম্বর নিষ্পত্তি করা হবে । এছাড়া শিশুদের সামাজিক সুরক্ষার জন্য সরকারের যে ৩৬টি প্রকল্প রয়েছে , সেগুলি শিশুদের জন্য সুনিশ্চিত করতে বিভাগীয় আধিকারীকদের পরামর্শ দেওয়া হয়েছে । আজকের সভায় জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক রঞ্জিত কুমার লস্কর , অতিরিক্ত আয়ুক্ত দীপমালা গোয়ালা প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি পৌরসভার সভাপতি এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শ্রীভূমি রমনী মোহন বাজারের ৮০ জন তালিকাভুক্ত ভেন্ডার স্টল ব্যবসায়ীদের আগামী ২০ ডিসেম্বরের মধ্যে তাদের ভোটার কার্ড, আধার কার্ড এবং প্যান কার্ড পৌরসভা কার্যালয়ে জমা দিতে বলা হয়েছে । উল্লেখ্য আগে এই নথিগুলি আজকের মধ্যে জমা করার শেষ দিন ধার্য করা ছিল ।

---------------------------------------------------------------------------------